গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তুলা উন্নয়ন বোর্ড
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা ভবন, কৃষি খামার সড়ক
ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৬৫

তারিখঃ ১৫-০১-২০২৫ খ্রিঃ।

অফিস আদেশ

তুলা উন্নয়ন বোর্ড (সিডিবি)'র বিভাগীয় নিয়োগ/পদোন্নতি কমিটির গত ৩০-০৫-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশ এবং সন্তোষজনক পুলিশ প্রত্যয়নের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯৭০০-২৩৪৯০/- টাকা বেতনক্রম ও বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ রাজস্বখাতের ১৫তম গ্রেডভুক্ত **"ট্রাক/ট্রাক্টর চালক"** পদে শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো।

ক্র.নং	মেধাক্রম	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	রোল নম্বর	স্থায়ী ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১	১	মোঃ ইসতিয়াক খান পিতা-মোঃ বাবুল হোসেন মাতা-মোছাঃ আফরোজা পারভীন	১৫০০০০০২	গ্রামঃ সানিলা ডাকঘরঃ বেড়া-৬৬৮০ উপজেলা/থানাঃ বেড়া জেলাঃ পাবনা।	তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, সদরপুর, দিনাজপুর।
২	২	মোঃ আলমগীর হোসেন পিতা-মোঃ আলিমদ্দিন মাতা-জহরা খাতুন	১৫০০০০১৬	গ্রামঃ ইয়াছিন সেকের ডাঙ্গী ডাকঘরঃ মমিনখার হাট-৭৮০০, থানাঃ কোতয়ালী উপজেলাঃ ফরিদপুর সদর, জেলাঃ ফরিদপুর।	তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, বগুড়া।
৩	৩	মোঃ আশিকুর রহমান পিতা-মোঃ আশরাফুল ইসলাম মাতা-রেহেনা পারভীন	১৫০০০০০৩	গ্রামঃ উত্তর দুর্গাপুর ডাকঘরঃ গোয়ালপাড়া-৭৩০০ উপজেলা/থানাঃ ঝিনাইদহ সদর জেলাঃ ঝিনাইদহ।	তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, জগদীশপুর, চৌগাছা, যশোর।

শর্তাবলী:

ক) প্রার্থী কোন সরকারি বা বেসরকারি প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত থাকলে তাকেঁ যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অবমুক্তির আদেশ (Release Order) গ্রহণ করতে হবে;

খ) চাকুরীতে যোগদানকালে সরকারি বিধি অনুযায়ী সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষার সন্তোষজনক প্রতিবেদন দাখিল করতে হবে;

গ) চাকুরিতে যোগদানের পর প্রার্থীকে ০২ (দুই) বৎসর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন;

ঘ) শিক্ষানবিশির মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে তাঁর/তাঁদের চাকরি স্থায়ী করা হবে;

ঙ) শিক্ষানবিশকালে কোন যুক্তিসঙ্গত বা আইনসঙ্গত কারণে কোন প্রকার ক্ষতিপূরণ প্রদান ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করতে পারবে;

চ) ভবিষ্যতে তাঁর শিক্ষাগত যোগ্যতার সনদ যাচাই এবং আবেদনপত্রে প্রদানকৃত তথ্যে কোন গরমিল পরিলক্ষিত হলে তাঁর নিয়োগপত্র তাৎক্ষণিকভাবে বাতিল করা হবে;

ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

জ) এ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ কোন ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি বিধান দ্বারা প্রার্থীর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

ঝ) এ চাকুরিতে যোগদানের জন্য কোন ভ্রমন ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থীর নিকট গ্রহণযোগ্য হলে আগামী ০২-০২-২০২৫ তারিখে তাঁকে সকল শিক্ষগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র, নাগরিকত্ব সনদ এবং প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ১ (এক) সেট সত্যায়িত ফটোকপিসহ পদায়নকৃত কর্মস্থলে যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে ইচ্ছুক নন বলে ধরে নেওয়া হবে এবং এ নিয়োগাদেশ বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষরিত/

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)
নির্বাহী পরিচালক
ফোনঃ ০২-৪১০২৫৭৬৬
ই-মেইলঃ ed@cdb.gov.bd

স্মারক নং-১২.০৭.০০০০.১০১.১১.০০২.১৩. ৬৫ তারিখঃ ১৫-০১-২০২৫ খ্রিঃ।

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, গবেষণা অনুবিভাগ)।
২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৩. উপপরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, আঞ্চলিক কার্যালয়, যশোর/রংপুর।
৪. ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া/দিনাজপুর।
৫. সিভিল সার্জন, পাবনা/ফরিদপুর/ঝিনাইদহ/বগুড়া/দিনাজপুর/যশোর জেলা।
৬. প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, জোনাল কার্যালয়, বগুড়া।
৭. কটন এগ্রোনমিষ্ট, তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজ বর্ধণ খামার, সদরপুর, দিনাজপুর/জগদীশপুর, চৌগাছা, যশোর।
৮. উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চৌগাছা, যশোর।
৯. তুলা উন্নয়ন কর্মকর্তা (আইসিটি শাখা), তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. হিসাব রক্ষণ কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১১. জনাব মোঃ ইসতিয়াক খান, পিতা-মোঃ বাবুল হোসেন, মাতা-মোছাঃ আফরোজা পারভীন, গ্রামঃ সানিলা, ডাকঘরঃ বেড়া-৬৬৮০, উপজেলা/থানাঃ বেড়া, জেলাঃ পাবনা।
১২. জনাব মোঃ আলমগীর হোসেন, পিতা-মোঃ আলিমদ্দিন, মাতা-জহরা খাতুন, গ্রামঃ ইয়াছিন সেকের ডাঙ্গী, ডাকঘরঃ মমিনখার হাট-৭৮০০, থানাঃ কোতয়ালী, উপজেলাঃ ফরিদপুর সদর, জেলাঃ ফরিদপুর।
১৩. জনাব মোঃ আশিকুর রহমান, পিতা-মোঃ আশরাফুল ইসলাম, মাতা-রেহেনা পারভীন, গ্রামঃ উত্তর দূর্গাপুর, ডাকঘঃ গোয়ালপাড়া-৭৩০০, উপজেলা/থানাঃ ঝিনাইদহ সদর, জেলাঃ ঝিনাইদহ।
১৪. অফিস/ব্যক্তিগত নথি।

১৫/১/২০২৫

(ড. মোঃ ফখরে আলম ইবনে তাবিব)
নির্বাহী পরিচালক
ফোনঃ ০২-৪১০২৫৭৬৬
ই-মেইলঃ ed@cdb.gov.bd